



বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড  
অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নকশা ও গবেষণা) এর দপ্তর  
পানি ভবন, ৭২ গ্রীন রোড, ঢাকা-১২০৫।  
www.bwdb.gov.bd

নম্বর: ৪২.০১.০০০০.০০০.০৩২.৯৯.০০০১.২৫.৪৭

তারিখ: ৩১ বৈশাখ ১৪৩৩  
১৪ মে ২০২৬

দপ্তরাদেশ

সূত্র: ১। বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের স্মারক নং: ২৮.০০.০০০০.০০০.০৬০.৯৭.০০০১.২২.০৯; তারিখ: ০৬/০৫/২০২৬ খ্রি.  
২। মহাপরিচালক, বাপাউবো, ঢাকা মহোদয়ের দপ্তরের ডায়েরী নং: ৪০৬; তারিখ: ০৫/০৫/২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্র মোতাবেক, দিনাজপুর জেলার পার্বতীপুরে অবস্থিত মধ্যপাড়া কঠিন শিলা (ভূ-গর্ভস্থ পাথরের খনি) হতে উত্তোলিত অব্যাহত প্রায় ১৫ লক্ষ মেট্রিক টন পাথরের (৫ মি.মি হতে ২৫০ মি.মি আকৃতির) মজুদ রয়েছে। বিদেশ হতে আমদানি করা পাথরের উপর নির্ভরশীলতা কমিয়ে বৈদেশিক মূদ্রা ব্যয় হ্রাস তথা সরকারি সম্পদের সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে, যথাযথ বিধি অনুসরণপূর্বক বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের আওতাধীন প্রকল্প/স্কীমসমূহে প্রচলিত উৎস ও রীতির পাশাপাশি মধ্যপাড়া কঠিন শিলা খনি হতে উত্তোলিত পাথর ব্যবহারের বিকল্প সংস্থান নকশা ও পরিকল্পনা পর্যায়ে রাখার বিষয়ে নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হলো:

(ক) প্রস্তাবিত/নতুন প্রকল্পসমূহের নকশা ও প্রাক্কলন প্রণয়নকালে কারিগরি প্রযোজ্যতা সাপেক্ষে (যেমন: নদীতীর সংরক্ষণ, রিপ-র্যাপ, পিচিং, ফিল্টার লেয়ার, কংক্রিটে কোর্স অ্যাগ্রিগেট ইত্যাদি) প্রচলিত উৎসের পাশাপাশি মধ্যপাড়া খনি হতে উত্তোলিত পাথর ব্যবহারের অগ্রাধিকার হিসেবে বিবেচনার প্রয়োজনীয় ব্যবস্থা নিবে;

(খ) চলমান প্রকল্পসমূহে কারিগরিভাবে যুক্তিসঙ্গত ক্ষেত্রে এ পাথর ব্যবহারের সম্ভাব্যতা যাচাইপূর্বক প্রয়োগের ক্ষেত্রে তৈরির বিষয়টি বিবেচনা করবে;

(গ) সম্পাদিত কাজের সংস্কার, মেরামত ও রক্ষণাবেক্ষণে মধ্যপাড়া খনি হতে উত্তোলিত পাথর ব্যবহারের বিকল্পটি বিবেচনা করবে।

উল্লেখ্য, পাথরের চূড়ান্ত উৎস নির্বাচন প্রকৌশলগত যৌক্তিকতা, প্রাপ্যতা, পরিবহন ব্যয় এবং প্রকল্পের সামগ্রিক সাশ্রয়ের ভিত্তিতে সংশ্লিষ্ট দপ্তর কর্তৃক নির্ধারিত হবে।

এ দপ্তরাদেশ জারিতে মহাপরিচালক, বাপাউবো, ঢাকা মহোদয়ের সদয় অনুমোদন রয়েছে।

**বিতরণ (কাযার্থে ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য) (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং, বাপাউবো, ঢাকা।

২। প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা, বাপাউবো, ঢাকা (ডিপিপি প্রণয়নসহ সংশ্লিষ্ট বিষয়টি যথাযথ তত্ত্বাবধান করার নিমিত্ত)।

৩। প্রধান প্রকৌশলী (পুর), নকশা ও গবেষণা, বাপাউবো, ঢাকা।

৪। প্রধান প্রকৌশলী/অতি. প্রধান প্রকৌশলী (পুর), কেন্দ্রীয় অঞ্চল/ পশ্চিমাঞ্চল/ পূর্বাঞ্চল/ উত্তরাঞ্চল/ উত্তর-পশ্চিমাঞ্চল/ উত্তর-পূর্বাঞ্চল/ দক্ষিণাঞ্চল/ দক্ষিণ-পশ্চিমাঞ্চল/ দক্ষিণ-পূর্বাঞ্চল, বাপাউবো, ঢাকা/ ফরিদপুর/ কুমিল্লা/ রংপুর/ রাজশাহী/ সিলেট/ বরিশাল/ খুলনা/ চট্টগ্রাম।

**সংযুক্তি:**

(১) সংযোজনী

১৪-০৫-২০২৬

মো: রুহুল আমিন

অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা) (চলতি  
দায়িত্ব)

ফোন : ০২২২২২৩০০৪০

ইমেইল : adg.planning@bwdb.gov.bd

নম্বর: ৪২.০১.০০০০.০০০.০৩২.৯৯.০০০১.২৫.৪৭/১ (৯)

তারিখ: ৩১ বৈশাখ ১৪৩৩  
১৪ মে ২০২৬

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব রিজিয়ন) (চলতি দায়িত্ব), বাপাউবো, ঢাকা।
- ২। অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন) (চলতি দায়িত্ব), বাপাউবো, ঢাকা।
- ৩। অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাপাউবো, ঢাকা।
- ৪। অতিরিক্ত মহাপরিচালক(অর্থ) (অতিরিক্ত দায়িত্ব), বাপাউবো, ঢাকা।
- ৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), বাপাউবো।
- ৬। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
- ৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, সচিব মহোদয়ের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের অবগতির জন্য)।
- ৮। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা (বাপাউবো'র ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৯। নির্বাহী প্রকৌশলী (সকল), বাপাউবো।



১৪-০৫-২০২৬

মো: রুহুল আমিন

অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা) (চলতি  
দায়িত্ব)